পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৫
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

**OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS**
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4075
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নংঃ- ১৪১৩/শা-২(ক)/প.

তারিখ: ২৫ বৈশাখ ১৪২৯ / ০৮ মে ২০২২

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

## ২০২১ সনের অনার্স ৪র্থ বর্ষ নিয়মিত পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি।

মহোদয়,

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১ সনের (শিক্ষাবর্ষ ২০১৭-২০১৮) ৪র্থ বর্ষ অনার্স নিয়মিত পরীক্ষার্থীদের পরীক্ষার আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের পূরণকৃত ফরম ভেরিফিকেশন, আনুষঙ্গিক নিয়ম, শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

| ক্র. নং | পরীক্ষার্থীদের ফিস্ এর বিবরণ | টাকা | পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন ফরমপূরণ শুরু ও শেষ তারিখ | ঢাকা বিশ্ববিদ্যালয়ে ব্যাংক ড্রাফট, কাগজপত্র জমা ও অনলাইনে ভেরিফিকেশনের শেষ তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় প্রতি পূর্ণ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | ০৮/০৫/২০২২ থেকে ২৬/০৫/২০২২ পর্যন্ত। | ৩১/০৫/২০২২ |
| ০২ | তত্ত্বীয় প্রতি অর্ধ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ১৪০/- | | |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্সের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে) | ২০০/- | | |
| ০৪ | রিসার্স প্রজেক্ট ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য প্রযোজ্য ক্ষেত্রে) | ২০০/- | | |
| ০৫ | মৌখিক ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ২০০/- | | |
| ০৬ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)<br>ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা<br>খ. কলেজ ফান্ডে জমা হবে ২০০/- টাকা | ৩০০/- | | |
| ০৭ | সাময়িক সনদ ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ৩০০/- | | |
| ০৮ | নম্বরপত্র ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ৪৫০/- | | |
| ০৯ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে<br>ক. কলেজের অংশ ৩০০/- টাকা<br>খ. কেন্দ্রের অংশ ৪৫০/- টাকা | ৭৫০/- | | |
| ১০ | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে | ১২০/- | | |
| ১১ | মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)- প্রযোজ্য ক্ষেত্রে<br>ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা<br>খ. কলেজ ফান্ডে জমা হবে ১০০০/- টাকা | ১১০০/- | | |
| ১২ | টার্ম পেপার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)-প্রযোজ্য ক্ষেত্রে<br>ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা<br>খ. কলেজ ফান্ডে জমা হবে ১৫০/- টাকা | ২৫০/- | | |
| ১৩ | নন-কলেজিয়েট ফিস (বিশ্ববিদ্যালয়ে জমা হবে) | ১৫০০/- | | |

## আবেদন ফরমপূরণ:

**অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরমপূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **২৫/০৫/২০২২** তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

### ০১. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

**নিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

* ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত **এবং ৩য় বর্ষ** অনার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২১ সনের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। **শিক্ষার্থীদের ক্লাসে কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাশে উপস্থিতি ৬০%-৭৪% এর মধ্যে আছে সেই সকল শিক্ষার্থীকে "নন-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং "নন-কলেজিয়েট" ফিস প্রদান করতে হবে। যে সকল শিক্ষার্থী ক্লাশে উপস্থিতি ৬০% এর কম আছে সেই সকল শিক্ষার্থীকে "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে। "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।**

### ০২. কলেজের জন্য করণীয়:

যে সকল পরীক্ষার্থী ২০২১ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিন্তু অনলাইনে পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে এবং তালিকায় তার ডাটা না পাওয়া যায় সে ক্ষেত্রে তার রেজাল্ট ও রেজিস্ট্রেশনের মেয়াদ যাচাইপূর্বক নির্ভুলভাবে নির্দিষ্ট এক্সেল ফরমেটে (ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত) পরীক্ষার্থীদের ডাটা নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। এছাড়াও অনলাইনে আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এক কপি কলেজ সংরক্ষণ করবে উল্লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়া পর্যন্ত।

### ০৩. অনলাইনে আবেদন ফরম পূরণ নিশ্চয়ণ ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):

ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (7 Collegedu.ac.bd) Formfilup লিংক এ গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে, শিক্ষার্থীর ফরমপূরণের ফিস জমা সম্পন্ন হয়ে থাকলে এবং শিক্ষার্থী ৪র্থ বর্ষে পরীক্ষায় অংশগ্রণের শর্ত পূরণ করলে কলেজ কর্তৃপক্ষ নিশ্চয়ন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

০৪. ফিস জমাদানের পদ্ধতি:

২০২১ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং:-৪৪০৫৭০৩০০০০৬৬ (ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা নগদ টাকা বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে প্রদান করবে।

০৫. ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ:

অনার্স ৪র্থ বর্ষ ২০২১ পরীক্ষার্থীদের পূরণকৃত ফরম কলেজ কর্তৃক ভেরিফাই করার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনের বিপরীতে প্রাপ্ত নম্বর এন্ট্রি করতে হবে। উক্ত নম্বরপত্রের ০১ (এক) কপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করতে হবে। উক্ত নম্বরপত্রের ০১ (এক) কপি এবং ইনকোর্স পরীক্ষার খাতা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে (প্রয়োজন সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে প্রেরণ করতে হবে)।

আপনার বিশ্বস্ত

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
Email: examcontrollera7c@du.ac.bd

08.05.2022 08.05.2022